

ইন্দুরকানী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইন্দুরকানী, পিরোজপুর।

বিশেষ সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত নোটিশ।

এতদ্বারা ইন্দুরকানী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর আওতাভুক্ত সকল সদস্য সমিতি সমূহ (শেয়ার হোল্ডার) কে জানানো যাচ্ছে যে, ইন্দুরকানী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির বিগত ২৬/০৮/২০২৫খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩০/১০/২০২৫খ্রিঃ তারিখ বাংলা ১৪ ই কার্তিক ১৪৩২ সন রোজ বৃহস্পতিবার, সকাল - ১০.০০ ঘটিকায় ইন্দুরকানী উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (বি,আর,ডি,বি) এর সভাকক্ষে বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৫খ্রিঃ উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

বিশেষ সাধারণ সভায় অনুষ্ঠিত নির্বাচনে ইন্দুরকানী ইউসিসিএ লিঃ এর ১২ (বার) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির একতৃতীয়াংশ সদস্য পদ সরকার কর্তৃক মনোনয়নের জন্য বাদ রেখে বাকী ০৮ (আট) জন সদস্যের মধ্যে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি ইন্দুরকানী ইউসিসিএ লিঃ এর সমগ্র সভ্য নির্বাচনী এলাকার ভোটদানে উপযুক্ত প্রতিনিধিগণের ভোটে এবং বাকী ০৬ (ছয়) জন সদস্য ব্রক ভিত্তিক ভোটদানে উপযুক্ত প্রতিনিধিগণের ভোটে নির্বাচিত হইবেন।

উক্ত বিশেষ সাধারণ সভায় সমবায় আইন ও বিধিমালা মোতাবেক ব্যবস্থাপনা কমিটি গঠনের নিমিত্তে নির্বাচন অনুষ্ঠিত হইবে। নির্বাচন কমিটি কর্তৃক যথাসময়ে নির্বাচনী তফসিল ঘোষণা করা হইবে।


ব্যবস্থাপনা কমিটি গঠনে এই নির্বাচনে অংশ গ্রহণের জন্য সকল সদস্য সমিতির পক্ষ থেকে ০১ (এক) জন করে বৈধ প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা গেল। প্রতিনিধি প্রেরণ রেজুলেশন এলাকা পরিদর্শক কর্তৃক সত্যায়িত করিয়া নির্বাচন অনুষ্ঠানের পূর্বে কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য বলা হলো। উল্লেখ্য নির্বাচন সংক্রান্ত যাবতীয় নিয়ম-নীতি নির্বাচন কমিটি কর্তৃক নোটিশ বোর্ডে টানানো হবে।

সংযুক্ত :-

- ১। খসড়া ভোটের তালিকা - ০২ (দুই) কপি।
- ২। নির্বাচনী ব্রক ভিত্তিক সমিতির তালিকা - ০১ (এক) কপি।
- ৩। সদস্যদের পরিচয়পত্র - ০১ (এক) কপি।

আলোচ্য সূচী :-

- ০১। বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ০২। একতৃতীয়াংশ সদস্য পদ সরকার কর্তৃক মনোনয়নের জন্য বাদ রেখে বাকী ০৮ (আট) জন সদস্যের মধ্যে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি ইন্দুরকানী ইউসিসিএ লিঃ এর সমগ্র সভ্য নির্বাচনী এলাকার ভোটদানে উপযুক্ত প্রতিনিধিগণের ভোটে এবং বাকী ০৬ (ছয়) জন সদস্য ব্রক ভিত্তিক সদস্যগণের ভোটে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি পূর্ণগঠন করা এবং নির্বাচন কমিটি কর্তৃক পেশকৃত নির্বাচনী ফলাফল অনুমোদন করা।
- ০৩। বিবিধ।


(মিথুন মিস্ত্রী)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সচিব, ইন্দুরকানী ইউসিসিএ লিঃ,


ইন্দুরকানী, পিরোজপুর।

তারিখঃ- ৩১/০৮/২০২৫ খ্রিঃ।

স্মারক নং-৪৭.৬২.৭৯৯০.১০০.২০.০০৪.০৯- (১৩৯)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। সভাপতি / ম্যানেজার / সদস্য.....কে,এস,এস,লিঃ, ইন্দুরকানী।
- ০২। পরিদর্শক (সকল), ইন্দুরকানী ইউসিসিএ লিঃ, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৩। হিসাবরক্ষক, বিআরডিবি, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৪। উপজেলা সমবায় অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৭। জেলা সমবায় অফিসার, পিরোজপুর।
- ০৮। উপপরিচালক, বিআরডিবি, পিরোজপুর।
- ০৯। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।
- ১০। সংশ্লিষ্ট নথী / নোটিশ বোর্ড।


(মিথুন মিস্ত্রী)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

ও

সচিব, ইন্দুরকানী ইউসিসিএ লিঃ,

ইন্দুরকানী পিরোজপুর।